## শিবচর উপজেলা পরিষদের ২০২২ সনের ৭ম (জুলাই) সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আঃ লতিফ মোল্লা<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| সভার তারিখ ও সময় | : | ৩০-০৮-২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঃ সংশ্লিষ্ট রেজিষ্টারে সংরক্ষিত**

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান।

**আলোচ্য সূচি-০১। গত** সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ উপজেলা নির্বাহী অফিসার, শিবচর মাদারীপুর গত ০৫-০৭-২০২২ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

**আলোচ্য সূচি-০২। বিভাগভিত্তিক কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা ঃ**

**(ক) স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, শিবচর স্বাস্থ্য কমপ্লেক্স সকাল ৮.০০ টা থেকে বিরতিহীন চিকিৎসা সেবা প্রদান করা হয়। যারা এখনও করোনার বোস্টার ডোজ নেননি, তাদেরকে বোস্টার ডোজ নেয়ার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, রোগীর চাপ থাকায় হাসপাতালে আইন-শৃংখলা রক্ষার্থে আনসার মোতায়েনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসার, শিবচর, মাদারীপুরকে অনুরোধ জানান। তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(খ) উপজেলা প্রাণিসম্পদ বিভাগঃ** উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, গবাদি পশুর দানাদার খাবার কমিয়ে যদি ঘাস খাওয়ানো যায় তাহলে খামারীদের খরচ অনেকাংশ কমে যাবে। তিনি আরও বলেন, যারা হাসপাতালে গবাদি পশুর চিকিৎসা নিতে আসে তাদেরকে গরুর চুরির বিষয়ে সতর্ক থাকার জন্য পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(গ) উপজেলা কৃষি বিভাগঃ** উপজেলা কৃষি কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, সারের দাম সরকারী নির্ধারিত মূল্যের চেয়ে যাতে দোকানদারগণ বেশী দামে বিক্রি করতে না পারে সে বিষয়ে মনিটরিং করা হচ্ছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঘ) এল,জি,ই,ডি বিভাগ ঃ**

(ক) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের উপ সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা কর্তৃক স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৫.১৮.০০৬.২০-৬০৩, তারিখ ঃ ২৮-০৭-২০২২ খ্রিঃ মোতাবেক ০৪ (চার) টি স্কীমের অনুমোদন পাওয়া যায়। সে প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে স্কীম সমূহ বাস্তবায়নের স্বার্থে অনুমোদকারী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সিমীত দরপত্র পদ্ধতি (LTM) পদ্ধতিতে দরপত্র আহবান করা হয়েছে। উক্ত দরপত্র সমূহ ৩০-০৮-২০২২ ইং তারিখে নির্দিষ্ট সময়ে উন্মুক্ত করা হয়েছে। অনুমোদিত স্কীম সমূহ নিম্নরূপ ঃ-

| ক্রমিক নং | স্কীমের নাম | প্রাক্কলিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | শিবচর উপজেলা পরিষদের অভ্যন্তরের (পুরাতন) উপজেলা পরিষদ ভবনের সামনে গাড়ী পার্কিং এর স্থান পেভমেন্ট দ্বারা উন্নয়ন কাজ। | ৩৪,৬৯,৭৯৯.০০ | |
| ২. | শিবচর উপজেলা পরিষদের প্রভাতী কিন্ডার গার্টেন (কেজি স্কুল) পুরাতন ভবন মেরামত কাজ। | ৬,৮০,৯৯১.০০ | |
| ৩. | শিবচর উপজেলা পরিষদের অভ্যন্তরের গাড়ী (কার) ওয়াশ র‍্যাম এবং প্লাটফর্ম নির্মাণ কাজ। | ১,৮৩,৮২০.০০ | |
| ৪. | শিবচর উপজেলা পরিষদ ভিআইপি গেস্ট হাউজ এবং উপজেলা পরিষদ অতিথি ভবনের ফার্ণিচার, ইলেকট্রিক ও ইরেকট্রনিক্স সামগ্রী সরবরাহ কাজ। | ১৩,০৩,৫৪৬.০০ | |
| | সর্বমোট= | ৫৬,৩৮,১৫৬.০০ | |
| | **কথায় ঃ (ছাপ্পান্ন লক্ষ আটত্রিশ হাজার একশত ছাপ্পান্ন টাকা) মাত্র** | | |

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা রাজস্ব তহবিল (URF)"** তহবিল থেকে উপরোক্ত স্কীম সমূহের দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত কাজ বাস্তবায়ন সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা রাজস্ব তহবিল"** খাত থেকে বর্ণিত ০৪ (চার)টি স্কীমের বিপরীতে **সর্বমোট=৫৬,৩৮,১৫৬.০০ (ছাপ্পান্ন লক্ষ আটত্রিশ হাজার একশত ছাপ্পান্ন টাকা) মাত্র** ঠিকাদারের পাওনা পাওনা পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**(ঙ) প্রাথমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ও বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মজিব গোল্ডকাপ সকলের আন্তরিক সহযোগিতায় সুন্দর ভাবে সম্পন্ন হয়েছে। উক্ত গোল্ডকাপ টুর্নামেন্টে মাননীয় জাতীয় সংসদ সদস্য, মাদারীপুর-১ ও মাননীয় চীফ হুইপ মহোদয় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। তিনি আরও বলেন যে, ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের করোনার ভ্যাকসিন প্রদানের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান আছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(চ) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবচর, মাদারীপুর সভায় জানান যে, আগামী শিক্ষা বর্ষে নতুন শিক্ষাক্রম ৬ষ্ঠ হতে ৭ম শ্রেণীর বাস্তবায়িত শুরু হবে। এতে শিক্ষার্থীদের দক্ষতা বৃদ্ধি পাবে। তিনি আরও বলেন যে, সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত স্কুল খোলা থাকবে। ছাত্র-ছাত্রীদের ইউনিক আইডির কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ছ) উপজেলা মৎস্য বিভাগ ঃ** উপজেলা মৎস্য কর্মকর্তা, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, প্রকৃত জেলেদের তথ্য না থাকায় তালিকা করতে বিলম্ব হচ্ছে। এজন্য তিনি প্রকৃত জেলেদের তালিকা দ্রুত প্রেরণ করতে সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(জ) উপজেলা সমাজসেবা অফিস ঃ** উপজেলা সমাজসেবা অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ২০২১-২২ অর্থ বছরে সকল উপকারভোগীদের হিসাব নাম্বারে টাকা প্রেরণ করা হয়েছে। কিছু ভাতা ভোগীর বিকাশ নাম্বার বন্ধ/ নষ্ট হয়ে যাওয়ায় তাদের তথ্য পুনরায় সংশোধন করে পুনরায় পে রোল প্রেরণ করা হয়েছে, আশা করা যায়, তারা অতি দ্রুত তাদের ভাতার অর্থ পেয়ে যাবে। অনলাইনে প্রতিবন্ধী ভাতার আবেদন শুরু হয়েছে। ১০ সেপ্টেম্বর ২০২২খ্রি : তারিখ পর্যন্ত অনলাইনে প্রতিবন্ধি ভাতার জন্য আবেদন করা যাবে। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঝ) উপজেলা নির্বাচন অফিসঃ** উপজেলা নির্বাচন অফিসার, শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখ্যযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ঞ) **উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবচর সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ট) পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, ঝড়-বৃষ্টির কারণে মাঝে মাঝে বিদ্যুৎ বন্ধ থাকে। এছাড়া সম্প্রতি সিলেটে বন্যায় হয়ায় বিদ্যুতের ব্যাপক ক্ষতি হয়েছে এজন্য সারা দেশে বিদ্যুৎের চাহিদার সাথে উৎপাদন সমপরিমান না হওয়ায় লোড়সেডিং এর পরিমান আগের তুলনায় একটু বেশি হচ্ছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং দ্রুতই বিদ্যুতের সমস্যার সমাধান হবে বলে আশা করা যায়। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ঠ) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ ঃ** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শিবচর সভাকে অবহিত করেন যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ড) উপজেলা ত্রাণ বিভাগঃ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বলেন যে, টি,আর ও কাবিখার নতুন বরাদ্দ পাওয়া গেছে। কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

(ঢ) **উপজেলা সমবায় অফিসঃ** উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ণ) উপজেলা খাদ্য বিভাগঃ** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক , শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, তিনি গত ২১/৮/২০২২ খ্রি : তারিখে শিবচরে যোগদান করেছেন। তিনি সকলের আন্তরিক সহযোগিত কামনা করেন। তিনি আরও বলেন যে, খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রম সেপ্টেম্বর/২২ হতে নভেম্বর মাস পর্যন্ত চলমান থাকবে। এজন্য তিনি সকল ট্যাগ অফিসারকে খাদ্য বান্ধব কর্মসূচী কার্যক্রমে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি আরও বলেন যে, ওএমএস কার্যক্রম সেপ্টেম্বর/২২ হতে নভেম্বর মাস পর্যন্ত চলমান থাকবে। এছাড়া বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(ত) জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ সভাকে জানান যে,সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ইউনিয়ন প্রতি ২৬টি গভীর নলকূপ স্থাপনের জন্য বরাদ্দ পাওয়া গেছে। আগামী ০১ সপ্তাহের মধ্যে স্থানসমূহ চিহ্নিত করে প্রতিবেদন দেয়ার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**(থ) উপজেলা যুব উন্নয়ন অফিসঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, ন্যাশনাল সার্ভিসের কার্যক্রম চলমান রয়েছে। বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্ত ঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(দ) **উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ধ) **উপজেলা আনসার ও ভিডিপি অফিসঃ** উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ন) **উপজেলা পরিসংখ্যান অফিস ঃ** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(প) **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগের ঋণ প্রদানসহ সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ফ) **পল্লী সঞ্চয় ব্যাংকের কার্যক্রম সংক্রান্ত আলোচনাঃ** ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক শিবচর, মাদারীপুর সভাকে জানান যে, বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ব) **ফায়ার সার্ভিস অফিস সংক্রান্ত আলোচনাঃ** স্টেশন অফিসার, শিবচর, মাদারীপুর, সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ভ) **ইসলামিক ফাউন্ডেশন সংক্রান্ত আলোচনাঃ** ফিল্ড সুপারভাইজার ইসলামিক ফাউন্ডেশন শিবচর সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(ম) **জাতীয় মহিলা সংস্থা সংক্রান্ত আলোচনাঃ** চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

(য়) **উপজেলা বন বিভাগ সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা বন কর্মকর্তা সভাকে জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। উল্লেখযোগ্য কোন সমস্যা নেই।

**সিদ্ধান্তঃ** তার বিভাগের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

**বিবিধ আলোচনা-১ঃ উপজেলা পরিষদ ক্যাম্পাসের বাউন্ডারী ওয়াল মেরামত সংক্রান্ত আলোচনাঃ**

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, গত ২০২১-২২ অর্থ বৎসরে অত্র শিবচর উপজেলা পরিষদ ক্যাম্পাসের বাউন্ডারী ওয়াল কাজটি জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য টা=৪,৪৬,৮১৩.০০ (চার লক্ষ ছেচল্লিশ হাজার আটশত তের টাকা) মাত্র। উক্ত প্রাক্কলনটি বিগত ৩০-০৫-২০২২ ইং তারিখের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার রেজুলেশনে অনুমোদন করা হয়েছে এবং একই সাথে চলতি **২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা রাজস্ব তহবিল** (URF)" তহবিল থেকে উক্ত ব্যয় মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। এমতাবস্থায়, উক্ত ব্যয় মিটানোর জন্য জরুরী ভিত্তিতে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করা প্রয়োজন।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, , চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা রাজস্ব তহবিল (উরাত)" তহবিল থেকে উপরোক্ত স্কীমটির ব্যয় মিটানোর নিমিত্তে আরএফকিউ (জরুছ) পদ্ধতিতে দরপত্র আহবান করে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চুড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় । সভায় উক্ত ব্যয় চলতি **২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা রাজস্ব তহবিল"** খাত থেকে উপরোক্ত স্কীমের বিপরীতে ঠিকাদারের পাওনা বাবদ টা=৪,৪৬,৮১৩.০০ (চার লক্ষ ছেচল্লিশ হাজার আটশত তের টাকা) মাত্র মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-২ঃ বাঁশকান্দি ইউনিয়নে উন্নয়ন তহবিল হতে বকেয়া বিল পরিশোধ সংক্রান্ত আলোচনাঃ**

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর আরও জানান যে, গত ২০২১-২২ অর্থ বৎসরে শিবচর উপজেলাধীন বাঁশকান্দি ইউনিয়নে (ক) দক্ষিণ বাঁশকান্দি কালাম হাওলাদারের বাড়ীর রাস্তায় ২ (দুই)টি ড্রেন বক্স কালভার্ট নির্মাণ কাজ। (খ) ৭ নং ওয়ার্ডের মির্জারচর পঞ্চগ্রাম ইলিয়াস মাষ্টারের বাড়ী হতে বাঁশকান্দি রেজাউল হাওলাদরের বাড়ীর রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন কাজ। (গ) ৩ নং ওয়ার্ডের ৩ নং উত্তর বাঁশকান্দি সরকরী প্রাথমিক বিদ্যালয় (পূর্ব সাইড/খালের সাইড) ইটের গাইড ওয়াল নির্মান কাজের ঠিকাদারের পাওনা তহবিল স্বল্পতার কারণে পরিশোধ করা সম্ভব হয় নাই। উক্ত কাজের চুক্তি মূল্য **টা=৮,৫০,০০০.০০ (আট লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র**। স্বপ্নের সেতু "পদ্মা সেতু" শুভ উদ্বোধন এর লক্ষ্যে **মাননীয় প্রধান মন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা এমপি, বাংলাদেশ সরকার** মহোদয়ের শুভ আগমন উপলক্ষ্যে জরুরী ভিত্তিতে স্কীম গ্রহন করায় **"উপজেলা উন্নয়ন তহবিল"** খাতে অর্থের স্বল্পতা হওয়ায় ঠিকাদারের উক্ত বর্ণিত স্কীমের পাওনা পরিশোধ করা যায় নাই। বিধায়, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের প্রাপ্ত অর্থ থেকে টা=৮,৫০,০০০.০০ (আট লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র পরিশোধ করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"**-এর অর্থ থেকে উপরোক্ত স্কীমের পাওনা পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"** থেকে ঠিকাদারের চূড়ান্ত বিলের পাওনা টা=৮,৫০,০০০.০০ **(আট লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র** পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-৩ ঃ ৬৯৮.০০ কিঃমিঃ দৈর্ঘ্য সড়ক রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করণ সংক্রান্ত আলোচনাঃ**

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে অত্র শিবচর উপজেলার ১৯ (উনিশ) টি ইউনিয়নের যে সকল রাস্তা সমূহ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তী তালিকা থেকে বাদ পড়েছে তা নতুন রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করণের নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের সহিত আলোচনা ও সমন্বয় করে সর্বমোট ৬৯৭ টি রাস্তা যার দৈর্ঘ্য ৬৯৮.০০ কিঃ মি সড়ক নতুন করে রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার প্রস্তাব করা হয়।(কপি সংযুক্ত)

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে অত্র শিবচর উপজেলার ১৯ (উনিশ) টি ইউনিয়নের যে সকল রাস্তা সমূহ রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্তী তালিকা থেকে বাদ পড়েছে তা নতুন করে রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করণের নিমিত্তে সর্বমোট ৬৯৭ টি রাস্তা যার দৈর্ঘ্য ৬৯৮.০০ কিঃ মি সড়ক উপজেলা প্রকৌশলীর প্রস্তাব এর প্রেক্ষিতে নতুন করে রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-৪ ঃ উপজেলা পরিষদের প্রভাতি কিন্ডার গার্টেন স্কুলের নিকটে খেলার মাঠ উন্নয়ন করণ সংক্রান্ত আলোচনাঃ**

সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"** -এর আওতায় উপজেলা পরিষদের প্রভাতি কিন্ডার গার্টেন স্কুলের নিকটে খেলার মাঠ উন্নয়ন করণ কাজটি জরুরী ভিত্তিতে করা খুবই প্রয়োজন। উক্ত খেলার মাঠটি উন্নয়ন ব্যয় টা=৬,০০,০০০.০০ **(ছয় লক্ষ টাকা)** মাত্র প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরে উপজেলা পরিষদের প্রভাতি কিন্ডার গার্টেন স্কুলের নিকটে খেলার মাঠ উন্নয়ন করণ কাজটি জরুরী ভিত্তিতে করা **খুবই** প্রয়োজন হওয়ায় প্রস্তাবমতে উক্ত খেলার মাঠটি উন্নয়নের নিমিত্তে **টা=৬,০০,০০০.০০ (ছয় লক্ষ টাকা) মাত্র** এর প্রাক্কলনটি অনুমোদনের করা হলো। সভায় উপরোক্ত স্কীমটির জরুরী ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত ব্যয় চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"**-এর খাত থেকে উপরোক্ত স্কীমের বিপরীতে ঠিকাদারের পাওনা বাবদ **টা=৬,০০,০০০.০০ (ছয় লক্ষ টাকা) মাত্র** মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-৫ ঃ "উপজেলা উন্নয়ন তহবিল (UDF)-এর অর্থে গৃহীত প্রকল্পের বিষয়ে আলোচনাঃ"**

(১) সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"**-এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন (ক) বহেরাতলা ইউনিয়নের অন্তর্গত বহেরাতলা বাজার হতে কাওয়ার হাট ভায়া কলাতলা সড়কের ৪০০০.০০মিঃ চেইনেজে খালের উপর একটি অস্থায়ী বাঁশের সাঁকো জরুরী ভিত্তিতে নির্মাণ করা খুবই প্রয়োজন। উক্ত বাঁশের সাঁকোটির নির্মাণ ব্যয় **টা=২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা)** মাত্র প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে এবং (খ) উমেদপুর ইউনিয়নের অন্তর্গত যোগদাহর মাঠ সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে কুমেরপাড় পর্যন্ত ইটের রাস্তা জরুরী ভিত্তিতে মেরামত ও মাটি ভরাট কাজটি করা খুবই প্রয়োজন। সে মোতাবেক উক্ত কাজের জন্য **টা=২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র** এর প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উপরোক্ত স্কীম ২ (দুই)টির প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

সিদ্ধান্ত ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF) "** -এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন (ক) বহেরাতলা ইউনিয়নের অন্তর্গত বহেরাতলা বাজার হতে কাওয়ার হাট ভায়া কলাতলা সড়কের ৪০০০.০০মিঃ চেইনেজে খালের উপর একটি অস্থায়ী বাঁশের সাঁকো নির্মাণ কাজ এর প্রাক্কলিত ব্যয় টা=২,০০,০০০.০০ **(দুই লক্ষ টাকা) মাত্র** এবং (খ) উমেদপুর ইউনিয়নের অন্তর্গত যোগদাহর মাঠ সরকারী প্রাথমিক বিদ্যালয় হতে কুমেরপাড় পর্যন্ত ইটের রাস্তা মেরামত ও মাটি ভরাট কাজটির এর প্রাক্কলিত ব্যয় **টা=২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র** স্কীম ২ (দুই)টির প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদনের করা হলো। সভায় উপরোক্ত স্কীম ২ (দুই)টি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে আরএফকিউ **(RFQ)** পদ্ধতিতে দরপত্র আহবান করে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত ব্যয় চলতি **২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"-এর** খাত থেকে উপরোক্ত স্কীম ২ (দুই)টির বিপরীতে ঠিকাদারের পাওনা বাবদ **টা=(২,০০,০০০.০০+২,৫০,০০০.০০)=৪,৫০,০০০.০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র** মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

(২) সভায় উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর আরও জানান যে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"** -এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন (ক) সন্যাসিরচর ইউনিয়নের অন্তর্গত রাজারচর টুনিবাড়ী সড়ক এইচবিবি দ্বারা মেরামত কাজ **এবং (খ)** সন্যাসিরচর ইউনিয়নের অন্তর্গত রাজারচর হাই স্কুল থেকে সিকদার হাট সড়কে ১২০০.০০ মিঃ চেইনেজে ৩৫.০০ মিঃ কাঠের ব্রীজ নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা খুবই প্রয়োজন। সে মোতাবেক উপরোক্ত স্কীম ২ (দুই)টি যথাক্রমে ঃ-(ক) সন্যাসিরচর ইউনিয়নের অন্তর্গত রাজারচর টুনিবাড়ী সড়ক এইচবিবি দ্বারা মেরামত কাজ **টা=২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র এবং (খ)** সন্যাসিরচর ইউনিয়নের অন্তর্গত রাজারচর হাই স্কুল থেকে সিকদার হাট সড়কে ১২০০.০০ মিঃ চেইনেজে ৩৫.০০মিঃ কাঠের ব্রীজ নির্মাণ কাজ **টা=২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা) মাত্র** প্রাক্কলন প্রস্তুত করে অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

**সিদ্ধান্ত** ঃ সভায় বিস্তারিত আলোচনান্তে, চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের **"উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"** -এর আওতায় অত্র শিবচর উপজেলাধীন (ক) সন্যাসিরচর ইউনিয়নের অন্তর্গত রাজারচর টুনিবাড়ী সড়ক এইচবিবি দ্বারা মেরামত কাজ **টা=২,৫০,০০০.০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র এবং (খ)** সন্যাসিরচর ইউনিয়নের অন্তর্গত রাজারচর হাই স্কুল থেকে সিকদার হাট সড়কে ১২০০.০০ মিঃ চেইনেজে ৩৫.০০ মিঃ কাঠের ব্রীজ নির্মাণ কাজ **টা=২,০০,০০০.০০ (দুই লক্ষ টাকা) মাত্র** জরুরী ভিত্তিতে করার লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন ২ (দুই)টি অনুমোদনের করা হলো। সভায় উপরোক্ত স্কীম ২ (দুই)টি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে দরপত্র আহবান করে দরপত্র প্রক্রিয়া সম্পন্ন করতঃ ঠিকাদার নির্বাচনসহ চুক্তি সম্পাদন এবং কার্যাদেশ পত্র প্রদানসহ সকল প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করে চূড়ান্ত বিল প্রদানের সকল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুরকে দায়িত্ব প্রদান করে সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় উক্ত ব্যয় **চলতি ২০২২-২৩ অর্থ বৎসরের "উপজেলা উন্নয়ন তহবিল (UDF)"-এর** খাত থেকে উপরোক্ত স্কীমের বিপরীতে ঠিকাদারেরপাওনা বাবদ **টা=(২,৫০,০০০.০০+ ২,০০,০০০.০০) =৪,৫০,০০০.০০ (চার লক্ষ পঞ্চাশ হাজার টাকা) মাত্র** মিটানোর জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

**বাস্তবায়নে** ঃ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৬ঃ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন, অফির্সাস গেজেটেড কোয়াটার (শাপলা ভবন) ও উপজেলা ডরমেটরী ভবন পরিত্যক্ত ঘোষণা সংক্রান্ত আলোচনা ঃ**

উপজেলা প্রকৌশলী শিবচর, মাদারীপুর সভায় জানান যে, উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাস ভবন, অফির্সাস গেজেটেড কোয়াটার (শাপলা ভবন) ও উপজেলা ডরমেটরী ভবন ১৯৮২ সালে নির্মাণ হয়েছে। বর্ষা মৌসুমে উক্ত ভবনের ছাদ দিয়ে বৃষ্টির পানি পড়ে। ছাদের ও দেয়ালের প্লাষ্টার প্রতিনিয়ত খুলে পড়ছে। দেওয়ালের অনেক অংশে ফাটল ধরছে। ভবন ০৩টি বর্তমানে ব্যবহার করার অনুপযোগী ও খুবই ঝুঁকিপূর্ণ। কারণ এ ভবন ০৩টি যে কোন সময়ে ধূর্ঘটনায় পতিত হওয়ার আংশকা রয়েছে। বর্ণিত অবস্থা বিচেনায় উপজেলা নির্বাহী অফিসারের সরকারি আবাসিক ভবন, অফির্সাস গেজেটেড কোয়াটার (শাপলা ভবন) ও উপজেলা ডরমেটরী ভবন ০৩টি জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে কনডেম ঘোষণা করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। অতঃপর নিম্নবর্ণিত কোর্য়াটার ০৩টি নূতনভাবে নির্মাণের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। সার্বিক অবস্থা বিবেচনায় উক্ত প্রস্তাবনার সাথে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। ব্যবহার অনুপযোগী, জরার্জীণ ও ঝুঁকিপূর্ণ ভবন ০৩টির বিবরণ নম্নরুপঃ

| ক্রমিক নং | আবাসিক কোয়ার্টারের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসারের সরকারি বাসভবন | ব্যবহার অনুপযোগী, জরার্জীর্ণ ও ঝুঁকিপূর্ণ। |
| ০২ | অফির্সাস গেজেটেড কোয়াটার (শাপলা ভবন) | ব্যবহার অনুপযোগী, জরার্জীর্ণ ও ঝুঁকিপূর্ণ। |
| ০৩ | উপজেলা সরকারি ডরমেটরী ভবন | ব্যবহার অনুপযোগী, জরার্জীর্ণ ও ঝুঁকিপূর্ণ। |

সিদ্ধান্তঃ ০১। সার্বিক অবস্থা বিবেচনায় উপরোক্ত ভবন ০৩(তিন)টি জেলা কনডেমনেশন কমিটির মাধ্যমে কনডেম ঘোষণা করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০২। ভবন ০৩(তিন)টি নুতনভাবে নির্মাণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০৭ঃ উপজেলা পরিষদের জীপগাড়ির জ্বালানি তেল/সিএনজি-এর প্রাপ্যতা সংক্রান্ত আলোচনাঃ** স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-০১ শাখা বাংলাদেশ সচিবালয়া, ঢাকার ২৯-০৮-২০২১ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৪৬.২৬. ৪৯৮.২০-৫৩১নং স্মারকে উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত জীপগাড়ির জ্বালানি ব্যবহার সংক্রান্ত জারিকৃত পরিপত্রে ১৬ বা তার বেশি ইউনিয়নের জন্য প্রতি মাসে ২৫০ লিঃ/৩৫৮ ঘঃ মিঃ জ্বালানি/গ্যাস প্রদানের নির্দেশনা রয়েছে।

**সিদ্ধান্তঃ** উপজেলা পরিষদের জীগগাড়ির জ্বালানি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থে উপজেলা চেয়ারম্যানের গাড়ির জ্বালানি ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা-০৮ঃ নিরাপদ খাদ্য সংক্রান্ত আলোচনাঃ** উপজেলা পরিষদের মাসিক সভায় নিরাপদ খাদ্য নিয়ে আলোচনার বিধান রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং উপজেলা পরিষদের সকল সদস্য খাদ্যে ভেজাল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকলের সহযোগিতা কামনা করেন।

**সিদ্ধান্তঃ** নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনার মাধ্যমে খাদ্যে ভেজালের হার কমাতে হবে।

**বাস্তবায়নেঃ** উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি), ভোক্তা অধিদপ্তর ও বণিক সমিতি শিবচর, মাদারীপুর।

**বিবিধ আলোচনা-০৯ঃ জাতীয় তথ্য বাতায়ন সংক্রান্ত আলোচনাঃ** মাননীয় প্রধানমন্ত্রী জাতীয় তথ্য বাতায়ন উদ্বোধন করেছেন এবং তথ্য বাতায়নে নিয়মিত তথ্য আপলোড করার নির্দেশ প্রদান করেছেন। সে লক্ষ্যে উপজেলা পর্যায়ে সকল বিভাগীয় প্রধান ও ইনোভেশন টিমের সদস্যগণ এবং ইউনিয়ন পরিষদের সকল উদ্যোক্তাগণকে নিয়মিত ওয়েব পোর্টালে সংযোজিত তথ্যসমূহের গুনগত মান যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তাগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত

**সিদ্ধান্তঃ** উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ, ইনোভেশন টিমের সদস্যগন ও উদ্যোক্তগণ নিয়মিত তথ্য বাতায়নে সংযোজিত তথ্যসমূহ যাচাই-বাছাই করবেন এবং নতুন নতুন তথ্য সংযোজন করবেন।

**বাস্তবায়নেঃ** ১। উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় প্রধানগণ।

২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) শিবচর,মাদারীপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আঃ লতিফ মোল্লা)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
শিবচর, মাদারীপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শিবচর, মাদারীপুর।

স্মারক নং ০৫.৪১.৫৪৮৭.০০০.০৫.০০৪.২২-৬৪৭ তারিখঃ ০২-০৯-২০২২ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। জনাব নূর-ই-আলম চৌধুরী, মাননীয় চীফ হুইপ, বাংলাদেশ জাতীয় সংসদ ও মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-১।

২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

৫। জেলা প্রশাসক, মাদারীপুর।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৭। মেয়র, শিবচর পৌরসভা, শিবচর, মাদারীপুর।

৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শিবচর, মাদারীপুর।

৯। উপজেলা ............................................কর্মকর্তা (সকল), শিবচর, মাদারীপুর।

১০। চেয়ারম্যান .......................................ইউপি (সকল), শিবচর, মাদারীপুর।

১১। জনাব ............................................... শিবচর, মাদারীপুর।

১২। অফিস

02.02.2022
উপজেলা নির্বাহী অফিসার
শিবচর,মাদারীপুর।